

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

নবম শ্রেণি

বাংলা (প্রথম ভাষা)

১. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ৩×৫=১৫
- ১.১ ‘নব নব সৃষ্টি’ প্রবন্ধে বাংলা সাহিত্যে বিদেশি শব্দ ব্যবহারের যে সকল দৃষ্টান্ত লক্ষ করা যায় তা উল্লেখ করো।
- ১.২ ‘পৃথিবীর কোনো পথ এ কন্যারে দেখে নি কো’— উদ্ভূতাংশে কোন কন্যার কথা বলা হয়েছে? পৃথিবীর কোনো পথ তাকে দেখেনি কেন? ১+২
- ১.৩ ‘...তুমি ঠিক সেইরূপ নারী, যাকে আজ প্রয়োজন’।
— কাকে একথা লেখা হয়েছে? তাঁকে কেন প্রয়োজন? ১+২
- ১.৪ ‘সারাটা দিন আপন মনে ঘাসের গন্ধ মাখে’
— কে এমনটি করে থাকে? তার এমন করার কারণ কী? ১+২
- ১.৫ ‘রাধারাণী কাঁদিতে কাঁদিতে কতকগুলি বনফুল তুলিয়া তাহার মালা গাঁথিল’। —রাধারাণীর পরিচয় দাও। তার মালা গাঁথার উদ্দেশ্য কী? ১+২
২. নীচের ব্যাকরণগত প্রশ্নগুলির উত্তর দাও : ১×৫=৫
- ২.১ ‘কেরোসিন’ উৎসগতভাবে কোন শ্রেণির শব্দ?
- ২.২ একটি মৌলিক শব্দের উদাহরণ দাও।
- ২.৩ ‘নবগঠিত শব্দ’ বলতে কী বোঝ?
- ২.৪ পোর্্তুগিজ ও হিন্দি ভাষার শব্দ যুক্ত করে তৈরি একটি মিশ্র শব্দের উদাহরণ দাও।
- ২.৫ ‘Tear gas’-এর বাংলায় অনূদিত শব্দটি কী?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।